দৈনিক
জনকণ্ঠ

তারিখ : 03 MAY 2018
পৃষ্ঠা : ১৩ কলাম : ২

# স্কুল হ্যান্ডবলে ভিকারুননিসা ও সেন্ট গ্রেগরিজ চ্যাম্পিয়ন

স্পোর্টস রিপোর্টার ॥ 'হুররে অনুর্ধ-১০ স্কুল হ্যান্ডবল টুর্নামেন্ট (বালক ও বালিকা)' রবিবার শেষ হয়েছে। বালিকা বিভাগে ভিকারুননিসা নূন স্কুল এ্যান্ড কলেজ ৯-৩ গোলে সানিডেইল স্কুলকে হারিয়ে চ্যাম্পিয়ন এবং গ্রিন হেরাল্ড ৪-০ গোলে গ্রিন ডেইল ইন্টারন্যাশনাল স্কুলকে হারিয়ে তৃতীয় স্থান অর্জন করে। বালক বিভাগে সেন্ট গ্রেগরিজ হাই স্কুল ৯-৫ গোলে ঢাকা রেসিডেন্সিয়াল মডেল স্কুল এ্যান্ড কলেজকে হারিয়ে চ্যাম্পিয়ন এবং আইডিয়াল স্কুল এ্যান্ড কলেজ ১৬-৪ গোলে সানিডেইলকে হারিয়ে তৃতীয় স্থান অর্জন করে।

টুর্নামেন্টে বালক বিভাগে আইডিয়াল স্কুলের জাওয়াদ মাইনউদ্দিন সাদাফ এবং বালিকা বিভাগে ভিকারুননিসার ইফতিহা জামান সেরা খেলোয়াড় হিসেবে নির্বাচিত হয়। বাংলাদেশ হ্যান্ডবল ফেডারেশনের সভাপতি এ কে এম নূরুল ফজল বুলবুল প্রধান অতিথি হিসেবে বিজয়ী ও বিজিত দলগুলোর মাঝে পুরস্কার বিতরণ করেন। বিশেষ অতিথি ছিলেন প্রাণ কনফেকশনারি লিমিটেডের ব্র্যান্ড ম্যানেজার সাখাওয়াত আহম্মেদ এবং হেড অব মার্কেটিং এ্যান্ড ইভেন্ট প্রাণ আরএফএল গ্রুপের একেএম আল আদিল খান। এছাড়া আরও উপস্থিত ছিলেন– টুর্নামেন্ট কমিটির ভাইস চেয়ারম্যান মাসুম সামিয়া, টুর্নামেন্ট কমিটির সম্পাদক লাজুল করিম কস্তুরী (বালিকা বিভাগ); টুর্নামেন্ট কমিটির সম্পাদক দোস্ত মাহ্মুদ নূরী শাহ (বালক বিভাগ), ফেডারেশনের কার্যনির্বাহী সদস্যরা।